

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৬

সাব্রুম, ১২ এপ্রিল, ২০২৪

২২ তম রাজ্যভিত্তিক বইসু উৎসব ও মেলার উদ্বোধন

সাব্রুমের মনু বনকুল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে গতকাল ২২ তম রাজ্যভিত্তিক বইসু উৎসব ও মেলার উদ্বোধন হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর, দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসন, সাব্রুম মহকুমা প্রশাসন, রূপাইছড়ি ব্লক প্রশাসন ও ত্রিপুরা চুবালাই বুথ কমিটির যৌথ উদ্যোগে দু'দিনব্যাপী এই মেলার উদ্বোধন করেন নারান চিপটেন অফ ত্রিপুরা সোসাইটির বীরেন্দ্র ত্রিপুরা। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা সৈনিক কল্যাণ বোর্ডের অধিকর্তা ব্রিগেডিয়ার (অবসরপ্রাপ্ত) জে পি তিওয়ারি। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্মদীপা স্কুল ও ধর্মদীপা ইন্টারন্যাশনাল বুদ্ধিস্ট ইউনিভার্সিটির ফাউন্ডার ভ্যান ডা. ধাম্মাপিয়া, ত্রিপুরা ক্ষত্রিয় সমাজের সভাপতি যোগীন্দ্র দেববর্মা, মুড়া সিং দফার তুইফাং সুনীল মুড়া সিং, নোয়াতিয়া দফার চৌধুরী উদয়সিং নোয়াতিয়া, উচাই দফার শর্পা লরেন্স উচাই, মলসুম দফার কাঞ্চীকাও ফয়দিন ভক্ত মলসুম, ত্রিপুরা দফার লেখক সাচলাং ত্রিপুরা, ত্রিপুরা বারবি বুথ সেন্ট্রাল কমিটির সভাপতি রানী ত্রিপুরা, ত্রিপুরা স্টুডেন্ট অ্যাসোসিয়েশন আসামের সভাপতি রামমণী ত্রিপুরা, ত্রিপুরা চুবালাই বুথ সাব্রুম বিভাগীয় কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার বিক্রম ত্রিপুরা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ত্রিপুরা চুবালাই বুথ সেন্ট্রাল কমিটির সভাপতি শচীন্দ্র ত্রিপুরা। মেলা উপলক্ষে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২০ জন রক্ত দান করেন। বইসু উৎসব ও মেলা উপলক্ষে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হয়।

\*\*\*\*\*